কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-০২** **তারিখ ঃ ০৩-০১-২০১৬ খ্রিঃ**

**বিষয় ঃ জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৭তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২০-১২-২০১৫ খ্রিঃ তারিখে কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব শ্যামল কান্তি ঘোষ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৭তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) ৮৭তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা 'পরিশিষ্ট ঃ ক'।

**(মোঃ আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাকৃবি চত্ত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
১৭। জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি লিঃ, উত্তরা, ঢাকা ও আহ্বায়ক, হাইব্রিড সীড গ্রুপ;
১৮। সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন ও চেয়ারম্যান, এসিআই লিঃ, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা;
১৯। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ব্লু-মুন ইন্টারন্যাশনাল, ৪/৭ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা;
২০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স জায়েন্ট এগ্রো প্রসেসিং লিঃ, জিবিটি, টাওয়ার, সেক্টর-৩, উত্তরা, ঢাকা;
২১। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফার্ম ফ্রেশ এন্টারপ্রাইজ, প্রোপার্টি এস্টেট-৮/বি-৪, ১৪৪, শান্তিনগর বাজার রোড, ঢাকা;
২২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স গ্লোবাল এগ্রো রিসোর্স ইনকর্পোরেশন, হাউজ # ৩৪/এ, সড়ক # ৪, ধানমন্ডি, ঢাকা;
২৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এ আর মালিক কো. লি., বাড়ি # ৪০৮/৮, রোড # ৭, ডিওএইচএস, বারিধারা, ঢাকা;
২৪। ড. মো. নজমুল হুদা, সীড সাপ্লাই এন্ড মনিটরিং এক্সপার্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা;
২৫। ড. পরিতোষ কুমার মালাকার, সিএসও, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
২৬। ড. মো. রেজাউল করিম, যুগ্ম-পরিচালক (মানি), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা;
২৭। জনাব মো. শাহজাহান আলী, উপদেষ্টা, পেট্রোকেম সীড লিমিটেড, এবিসি হেরিটেজ, উত্তরা, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৪। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

# জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৭তম সভার কার্যবিবরণী

সভাপতি : শ্যামল কান্তি ঘোষ
সভার তারিখ : ২০ ডিসেম্বর, ২০১৫ খ্রি:
উপস্থিতি : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) সভাপতি ও কৃষি সচিব শ্যামল কান্তি ঘোষ এর সভাপতিত্বে গত ২০-১২-২০১৫ খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় বীজ বোর্ডের ৮৭তম সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট-ক-তে** দেখানো হলো।

**আলোচ্য সূচী-(ক) : গত ১৭-০৯-২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব ও মহাপরিচালক, বীজ উইং-কে ৮৭তম সভার কার্যপত্রানুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। জনাব আনোয়ার ফারুক, সদস্য-সচিব, জাতীয় বীজ বোর্ড এবং অতিরিক্ত সচিব, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভাকে জানান জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভা গত ১৭-০৯-২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৬-১০-২০১৫ তারিখে ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৫২৮ সংখ্যক স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। অদ্যাবধি এ বিষয়ে কোন মতামত না থাকায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য সূচী-(খ) : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮১তম সভার সুপারিশ অনুমোদন।**

**(খ)-১। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ১২ (বার) টি জাত ছাড়করণ।**

**(খ)-১-(i)। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত আলুর ২টি জাত (১) ৯.১১২ ও (২) ৯.১২৫ যথাক্রমে বারি আলু-৬২ ও বারি আলু-৬৩ নামে ছাড়করণ।**

**আলোচনা:** বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সস্টিটিউটের প্রস্তাবিত ৯.১১২ লাইনটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে জাতটির সংরক্ষণ ক্ষমতা ও সুপ্ততা প্রচলিত জাতের চেয়ে বেশী, এ কারণে স্প্রাউটিং ধীরে হয়, তাই রপ্তানি উপযোগী। গড়ফলন ৪৩.৬ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন এবং রোগবালাই ও তুলনামূলকভাবে কম।

বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সস্টিটিউটের ৯.১২৫ লাইনটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে জাতটির ড্রাই মেটার % বেশী থাকায় প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার করা যায় ও চিপস তৈরির জন্য উত্তম। জাতটির গড়ফলন ৪২.৯ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন এবং রোগবালাই ও তুলনামূলকভাবে কম।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ ও জাতীয় বীজ বোর্ডের সদস্যদের আলোচনা মোতাবেক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত আলুর ২টি জাত (১) ৯.১১২ ও (২) ৯.১২৫ যথাক্রমে বারি আলু-৬২ ও বারি আলু-৬৩ নামে ছাড়করণের অনুমোদন দেওয়া হলো।

**(খ)-১-(ii)। বিদেশ থেকে আমদানীকৃত আলুর ৫টি জাত Folva, Gorgina, Pamela, Rosagold ও Atlantic যথাক্রমে বারি আলু-৬৪, বারি আলু-৬৫, বারি আলু-৬৬, বারি আলু-৬৭ ও বারি আলু-৬৮ হিসেবে ছাড়করণ।**

**আলোচনা:**

প্রস্তাবিত Folva জাতটি ডেনমার্ক হতে মেসার্স জায়ান্ট এগ্রো প্রসেসিং লিমিটেড কোম্পানি আমদানি করে। জাতটির গড়ফলন ৩৭.২ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন ও রোগবালাই তুলনামূলকভাবে কম। জাতটি খাবার আলু হিসাবে ব্যবহার উপযোগী।

Gorgina জাতটি নেদারল্যান্ড হতে মেসার্স ফার্ম ফ্রেশ এন্টারপ্রাইজ আমদানি করে। জাতটির গড়ফলন ৩৭.০ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে টিউবারের আকৃতি সুষম। জাতটি খাবার আলু হিসাবে ব্যবহার উপযোগী।

Pamela জাতটি ফ্রান্স হতে গ্লোবাল এগ্রো রিসোর্স ইনকর্পোরেশন কোম্পানি আমদানি করে। জাতটির গড়ফলন ৩৬.৯ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে টিউবারের রং চকচকে। জাতটি খাবার আলু হিসাবে ব্যবহার উপযোগী।

Rosagold জাতটি নেদারল্যান্ড হতে এ.আর.মালিক কোম্পানি আমদানি করে। জাতটির গড়ফলন ৩২.৭ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমন তুলনামূলকভাবে কম। জাতটি খাবার আলু হিসাবে ব্যবহার উপযোগী।

Atlanatic জাতটি আমেরিকা হতে মেসার্স ফার্ম ফ্রেশ এন্টারপ্রাইজ কোম্পানি আমদানি করে। জাতটির গড় ফলন ৩৩.৫ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে টিউবারের আকার আকৃতি সুষম। জাতটি প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী।

**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির সুপারিশ ও জাতীয় বীজ বোর্ডের সভায় বিস্তারিত আলোচনা শেষে আমদানিকৃত Folva, Rosagold, Pamela ও Gorgina জাতের আলুর বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে বর্ণিত ৫টি জাতকে যথাক্রমে যথাক্রমে বারি আলু-৬৪, বারি আলু-৬৫, বারি আলু-৬৬ ও বারি আলু-৬৭ নামে খাবার আলু হিসেবে ছাড়করণ এবং Atlanatic জাতটি বারি আলু-৬৮ নামে প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী জাত হিসেবে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**(খ)-১-(ii)। মূল্যায়নকৃত ফলাফল পুন:নিরীক্ষা:**

প্রস্তাবিত Flamenco জাতটি নেদারল্যান্ড থেকে মেসার্স ব্লু মুন ইন্টারন্যাশনাল কোম্পানি আমদানি করে। জাতটির গড় ফলন ৩৮.৭ টন/হেক্টর। যা অন্যান্য জাতগুলোর চেয়ে বেশী।

Crips 4 all জাতটি নেদারল্যান্ড থেকে মেসার্স ব্লু মুন ইন্টারন্যাশনাল কোম্পানি আমদানি করে। জাতটির গড় ফলন ২৫.৩০ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। এ জাতটিতে PLRV ৩.৮৮% যা অন্যান্য জাতগুলোর চেয়ে কম।

Destiny জাতটি নেদারল্যান্ড থেকে এ.আর.মালিক এন্ড কোম্পানি (প্রা:) লি: আমদানি করে। জাতটির গড় ফলন ৩১.৯ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। পিএলআরবি ২৩% যা অন্যান্য জাতগুলোর চেয়ে বেশী।

Dolly জাতটি ফ্রান্স থেকে গ্লোবাল এগ্রো রিসোর্সেস ইনকর্পোরেশন আমদানি করে। জাতটির গড় ফলন ২৯.৪ টন/হেক্টর। জীবনকাল ৯৫ দিন। পিএলআরবি ৬.৬% যা অন্যান্য জাতগুলোর চেয়ে কম।

জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব জাতগুলোর সম্পর্কে মতামত প্রদানের জন্য সভাকে অনুরোধ করেন। বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রতিনিধি সভাকে জানান, PLRV ২৫.৫% হওয়ায় Flamenco জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা হয়নি। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি উল্লেখ করেন, Destiny জাতটিতে মাঠে শতকরা ২৩ ভাগ PLRV থাকা মানে মাঠের অধিকাংশ স্থানই আক্রান্ত। যে দুটি জাতের PLRV বেশী সে দুটি জাত কারিগরি কমিটি কর্তৃক ছাড়করণের সুপারিশ করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের প্রতিনিধি বিমল কুন্ডু বলেন মাঠ মূল্যায়ন দল কর্তৃক ৬ টি স্থানে ট্রায়ালের ফলাফলে ৫টি স্থানেই Destiny জাতটিতে PLRV এর পরিমাণ কম ছিল এবং শুধুমাত্র একটি স্থান যশোরে PLRV এর পরিমাণ শতকরা ২৩ ভাগ ছিল। তিনি আরো উল্লেখ করেন, প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী আলুর ফলনের পাশাপাশি এর ড্রাই মেটার বিবেচনা করা প্রয়োজন।

জাতীয় বীজ বোর্ডের সভাপতি উল্লেখ করেন রোগবালাই ও পোকামাকড় আক্রমন কি পরিমাণ থাকলে গ্রহণযোগ্য হবে তার একটি সুনির্দিষ্ট নীতিমালা থাকা প্রয়োজন যাতে সহজেই জাতগুলোকে মূল্যায়ন করা যায়। সদস্য সচিব উল্লেখ করেন "আলুর জাত ছাড়করণ ও ব্রিডার বীজ উৎপাদন নীতিমালা" সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়েছে। যারা ইতোমধ্যে খসড়া তৈরি কাজ করেছে। কমিটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করলে একটি সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করা যাবে।

**সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনা শেষে Flamenco, Crips 4 all, Destiny, Dolly জাত ৪টির মাঠ মূল্যায়ন দলের তথ্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কর্তৃক মূল্যায়নকৃত ফলাফল পুন:নিরীক্ষা করে বস্তুনিষ্ঠ ও নির্ভুল তথ্য পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ফলন, রোগবালাই ও অন্যান্য বৈশিষ্ট্য আলুর জাত ছাড়করণ নীতিমালায় সুনিদিষ্ট করে বাস্তবসম্মত সুপারিশ করতে হবে।

**(খ)-২। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত ধানের কৌলিক সারি BR-7671-37-2-2-3-7 বোরো মৌসুমে ব্রি ধান৭৪ নামে চাষাবাদের জন্য ছাড়করণ :**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর বর্ণনা ও কারিগরি কমিটির সুপারিশ মোতাবেক প্রস্তাবিত কৌলিক সারিটি IR৬৮১৪৪ এর সাথে ব্রি ধান২৯ এর সংকরায়ণ করে বংশানুক্রম সিলেকশন (Pedigree selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এ জাতটি বোরো মৌসুমে চাষাবাদের উপযুক্ত। জাতটির প্রধান বৈশিষ্ট্য জিঙ্ক সমৃদ্ধ। প্রতি কেজি চালে ২৪.২ মি:গ্রা: জিঙ্ক রয়েছে; যা প্রচলিত অন্যান্য জাতের চেয়ে ৮.২ মি: গ্রাম/কেজি বেশী। এ জাতের জীবনকাল ১৪৭ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৭.৭ গ্রাম। চালের আকার আকৃতি মাঝারী মোটা এবং রং সাদা। এ জাতের রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ ইতিমধ্যে ছাড়কৃত জাতের চেয়ে কম। সুপারিশকৃত জাতটির নেক ব্লাস্ট সহনশীল এবং ধানের এ্যামাইলেজ কন্টেন্ট শতকরা ২৪ ভাগ উপযুক্ত পরিচর্যা পেলে জাতটির ফলন হেক্টরে ৭.১-৮.৩ টন পর্যন্ত পাওয়া যায়। কৌলিক সারিটি ব্রি ধান৭৪ হিসাবে বোরো মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ছাড়করণের সুপারিশ করেছে।

**সিদ্ধান্তঃ** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের কৌলিক সারিটির (BR-7671-37-2-2-3-7) ফলন ও অন্যান্য বৈশিষ্ট্য বিবেচনা করে ব্রি ধান৭৪ হিসেবে ছাড়করণ ও বোরো মৌসুমে চাষাবাদের জন্য অনুমোদন দেওয়া হল।

**(খ)-৩। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উদ্ভাবিত ধানের কৌলিক সারি RM (2)-40(c)-1-1-10 বোরো মৌসুমে বিনাধান-১৮ নামে চাষাবাদের জন্য ছাড়করণ।**

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট ও কারিগরি কমিটির বর্ণনামতে ব্রি ধান২৯ এর বীজে কার্বন আয়ন রশ্মি প্রয়োগ করে কৌলিক বৈশিষ্ট্যে স্থায়ী পরিবর্তন ঘটিয়ে জাতটি উদ্ভাবন করা হয়েছে। জাতটি বোরো মৌসুমে চাষাবাদের উপযুক্ত; চাল লম্বা ও মাঝারি মোটা। পূর্ণ গাছের গড় উচ্চতা ১০০ সে.মি.। জীবনকাল ১৪৮-১৫৩ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন ২৬.৫ গ্রাম। ব্রি ধান২৯ এর চেয়ে জীবনকাল ১৩-১৫ দিন কম এবং ফলন হেক্টর প্রতি ৭.২৫-১০টন। কৌলিক সারিটি বোরো মৌসুমে বিনাধান-১৮ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কর্তৃক ছাড়করণের সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উদ্ভাবিত ও কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের কৌলিক সারিটির (RM (2)-40(c)-1-1-10) ফলন, জীবনকাল ও অন্যান্য বৈশিষ্ট্য বিবেচনা করে বিনাধান-১৮ হিসেবে ছাড়করণ ও বোরো মৌসুমে চাষাবাদের জন্য অনুমোদন দেওয়া হল।

**আলোচ্য সূচী-(গ) : সীড হেলথ্ স্ট্যান্ডার্ড নির্ধারণ:**

জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব সীড হেলথ্ স্ট্যান্ডার্ড নির্ধারণ কমিটির সভাপতি ড. নজমুল হুদাকে বিষয়টি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। কমিটির সভাপতি ড. নজমুল হুদা আলু ও গমের সীড হেলথ্ স্ট্যান্ডার্ড উপস্থাপন করেন। সভায় আলোচনায় অংশ নিয়ে সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) বিএডিসি উল্লেখ করেন বিএডিসি আলু ও গমবীজ উৎপাদন এবং কৃষক পর্যায়ে বিতরণ করে থাকে সুতরাং সীড হেলথ্ স্ট্যান্ডার্ড নির্ধারণের পূর্বে আরো যাচাই বাছাই প্রয়োজন। সদস্য সচিব সভাকে জানান, সীড হেলথ নির্ধারণ এর পূর্বে ISTA এবং পাশ্ববর্তী দেশে কি ধরনের নিয়মকানুন প্রচলিত আছে তাসহ পরবর্তী কারিগরি কমিটির সভায় মতামত নিয়ে জাতীয় বীজ বোর্ডের উপস্থাপন করা দরকার।

**সিদ্ধান্ত (গ) :** সীড হেলথ্ স্ট্যান্ডার্ড নির্ধারণ কমিটির সুপারিশসমূহ কারিগরি কমিটির পরবর্তী সভায় এজেন্ডাভুক্ত করে মতামতসহ পরবর্তী জাতীয় বীজ বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য সূচী-(ঘ): বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রজনন বীজ (Breeder Seed) বিতরণের নীতিমালা।**

সদস্য সচিব সভাকে জানান, প্রতিবছরই সরকারি-বেসরকারি পর্যায়ে গুণগত মানসম্পন্ন বীজ সরবরাহের পরিমাণ বেড়ে চলেছে। তাই প্রজনন বীজের চাহিদাও দ্রুত বাড়ছে। কিন্তু সীমিত সম্পদের মাঝে ব্রি চাহিদা মত প্রজনন বীজ সরবরাহ করতে পারছেনা। কারন গত বছর বীজ উইং এ নিবন্ধিত বীজ ডিলারদের প্রায় ১০০০ জন প্রজনন বীজ (Breeder Seed) পাওয়ার জন্য আবেদন করেন। কিন্তু প্রজনন বীজ বিতরণের কোন নির্দেশনা না থাকার কারনে বিশৃঙ্খলা দেখা যায়। তিনি আরো উল্লেখ করেন ধান গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত প্রজনন বীজ (Breeder Seed) বিতরণের নীতিমালাটি আরো অধিকতর যাচাই বাছাই করার জন্য কারিগরি কমিটিতে পাঠানো প্রয়োজন।

**সিদ্ধান্ত (ঘ):** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রজনন বীজ (Breeder Seed) বিতরণের নীতিমালাটি কারিগরি কমিটির সভায় উপস্থাপন করে মতামতসহ জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় এজেন্ডাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী-(ঙ): বিবিধ**

**(ঙ)-১। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ সংশোধনী পদ্ধতি অনুমোদন।**

**আলোচনা :** বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রস্তাবিত হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ সংশোধনী পদ্ধতিটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে পদ্ধতিটি আরো যাচাই-বাছাই করার জন্য আলোচনা হয়।

**সিদ্ধান্ত (ঙ)-১:** হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংশোধনী পদ্ধতি অধিকতর অধিকতর যাচাই বাছাই এর নিমিত্তে গঠিত উপকমিটিতে বিএডিসির বীজ উইং এর একজন প্রতিনিধি অন্তর্ভূক্ত করে পদ্ধতিটি কারিগরি কমিটির মাধ্যমে অধিকতর যাচাই-বাছাইপূর্বক জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ঙ)-২। ভিত্তি-১ থেকে ভিত্তি-২ ধান বীজ উৎপাদন ও বাজারজাতকরণ নীতিমালা।**

**আলোচনা :** এ বিষয়ে ইতোপূর্বে গঠিত কারিগরি কমিটির উপকমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে একটি সুপারিশমালা প্রণয়ন করে, সুপারিশের উপর আলোচনায় অংশ নিয়ে সদস্য সচিব বলেন, ভিত্তি-১ থেকে ভিত্তি-২ ধান বীজ উৎপাদন জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীতে আবেদন করে। কিন্তু দেশের স্বার্থে জরুরী প্রয়োজনে অনেক সময় আমরা সীড প্রমোশন কমিটির অনুমোদন নিয়ে বিএডিসিকে ভিত্তি ১ থেকে ভিত্তি-২ বীজ উৎপাদনের অনুমতি দিয়ে থাকি। আমরা ভিত্তি-১ থেকে ভিত্তি-২ বীজ উৎপাদন ও বিপণনকে নিরুৎসাহিত করতে চাই। ভিত্তি বীজ পরিবর্ধন করে প্রত্যায়িত বীজ উৎপাদনের বিধি রয়েছে। ভিত্তি হতে ভিত্তি এটা গ্রহণযোগ্য নয়।

**সিদ্ধান্ত (ঙ)-২:** সভায় বিস্তারিত আলোচনা শেষে ভিত্তি-১ থেকে ভিত্তি-২ ধান বীজ উৎপাদন ও বাজারজাতকরণ নীতিমালাটি কারিগরি কমিটির মাধ্যমে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করে একটি বাস্তবসম্মত প্রস্তাব জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী-(ঙ)-৩ :** কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের এর মহাপরিচালক জনাব মোঃ হামিদুর রহমান ISTA এ্যাকরিডেটেড সীড টেস্টিং ল্যবরেটরি এবং প্ল্যান্টিং মেটেরিয়াল সার্টিফিকেশন ও ট্যাগ প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। সদস্য সচিব সভাকে জানান বাংলাদেশে বর্তমানে বিএডিসি ও এসসিএ-তে ISTA এর দুইটি রেফারেন্স ল্যাবরেটরি আছে। স্থায়ী জনবল ছাড়া ISTA এ্যাকরিডেশন পাওয়া যায় না। আমাদের দেশে বিএডিসি ও এসসিএ'র বীজ পরীক্ষাগারে কর্মরত জনবল পদোন্নতি পেলে অন্যত্র বদলী হয়ে যায়। তাই আমাদের পরীক্ষাগারগুলোতে স্থায়ী জনবল কাঠামো নিয়োগ ও পদায়নের ব্যবস্থা নিতে হবে।

**সিদ্ধান্ত :** ডিএই'র হর্টিকালচার উইং এর মাধ্যমে গুণগত মানসম্পন্ন প্ল্যান্টিং মেটেরিয়াল উৎপাদন ও সার্টিফিকেশন বিষয়ে একটি প্রকল্প তৈরি করতে হবে এবং ISTA এ্যাকরিডেশন প্রাপ্তির বিষয়ে আগে স্থায়ী জনবল কোন প্রক্রিয়ায় দেয়া যায় সেটি বিবেচনা করতে হবে।

পরিশেষে বন্যাপ্রবণ এলাকায় মাটি ছাড়া শুধু পানিতে প্রয়োজনীয় রাসায়নিক খাদ্য সরবরাহ করে ভাসমান শাকসবজি চাষের পদ্ধতির জন্য জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) কর্তৃক কৃষি মন্ত্রণালয়কে প্রদত্ত সম্মাননা স্মারকটি সকলের দৃষ্টিগোচর আনার জন্য সচিব মহোদয় সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ অনন্য অবদানের সাফল্যের স্বীকৃতির জন্য কৃষি মন্ত্রণালয়ের সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতিকে করতালির মাধ্যমে অভিনন্দন জানান।

অত:পর সভাপতি সীড হেলথ স্ট্যান্ডার্ড এর মত একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করার জন্য ড. নজমুল হুদাসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে ধন্যবাদ জানান এবং জাত ছাড়করণের সাথে জড়িত বারি, ব্রি, ও বিনার বিজ্ঞানীদেরকে ধন্যবাদ জানান।

সবশেষে জাতীয় বীজ বোর্ডের ৮৭ তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

(শ্যামল কান্তি ঘোষ)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৮৭তম সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা

বিষয় ঃ জাতীয় বীজ বোর্ডের ৮৭তম সভা
তারিখ ঃ ২০-১২-২০১৫ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি ঃ জনাব শ্যামল কান্তি ঘোষ, সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রওনক মাহমুদ | সদস্য পরিচালক বিএডিসি | ০১৭১৮৫১৬৬৬৪ | [signature] ২০/১২/১৫ |
| ২ | ড. মো: কামাল উদ্দিন | মহাপরিচালক বিজেআরআই | ০১৭১৬১১৮৯০৭ | [signature] ২০/১২/১৫ |
| ৩ | ড. মো: রফিকুল ইসলাম মন্ডল | মহাপরিচালক বিএআরআই | 01712630006 | [signature] ২০/১২/১৫ |
| ৪ | ড. মো: জাহাঙ্গীর হোসেন | [illegible] | 01715977347 | [signature] ২০/১২/১৫ |
| ৫ | ড. মো: শামসের আলী | মহাপরিচালক বিনা | ০১৭১৫৪৪৮০৩১ | [signature] ২০/১২/১৫ |
| ৬ | ড. মু. খলিলুর রহমান | মহাপরিচালক বিএসআরআই | ০১৭২৫৫০৭৭৮ | [signature] ২০/১২/১৫ |
| ৭ | ড. হোসনে আরা বেগম | পরিচালক (গবে) বিনা | ০১৭১৪৪২২৭৪ | [signature] ২০.১২.১৫ |
| ৮ | আবদুস সাত্তার মোল্লা | প্রেসিডেন্ট A. R. Malik | ০১৭১৫০৬৬৮৫২ | [signature] ২০-১২-১৫ |
| ৯ | ড. বিমল চন্দ্র কুন্ডু | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | 01712681181 / | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ড. প্রদীপ কুমার মালাকার | সি এস ও, গম গবেষণা কেন্দ্র, [illegible], দিনাজপুর | 01716-456674 pkmalakerwrc@gmail.com | [signature] ২০/১২/১৫ |
| ১১ | Md. Belayet Hossain | CEO Global Agro Resources Inc. | 01444407438 gari04@live.com | [signature] 20/12/2015 |
| ১২ | মোঃ আনোয়ার হোসেন খান | অতিরিক্ত পরিচালক ([illegible]) DAE, ময়মনসিংহ | 01711013862 anwarhk64@live.com | [signature] 20/12/15 |
| ১৩ | মোঃ মাজহারুল মান্নান | Business Developmt Manager, Giant Agro | 01765080595 majharul@giantbd.com | [signature] 20/12/15 |
| ১৪ | ড. মোঃ আব্দুস সালাম | সিএসও (অব) বিএআরআই | 01552398504 masalam550@yahoo.com | [signature] 20/12/15 |
| ১৫ | মোঃ আখতারুজ্জামান টেকনিক্যাল পরিচালক | টেকনিক্যাল পরিচালক তুলা উন্নয়ন বোর্ড | 0181724670 ak.zaman@yahoo.ca | [signature] 20/12/2015 |
| ১৬ | খন্দকার মঈনউদ্দীন পরিচালক | এসআরডিআই | 01917752862 directorsrdi@yahoo.com | [signature] ২০/১২/১৫ |
| ১৭ | ARIFUL HOQUE | Blue-Moon International | 01552-336476 | [signature] |
| ১৮ | Dr. Md. Rezaul Karim | BADC, Joint Director (QC) BADC | 01713201041 | [signature] 20/12/15 |
| ১৯ | Md. Shahjahan Ali. Advisor | Petrochem (Bangladesh) Limited. | 01730013391 alliedmsali@yahoo.com shahjahan@petrochembd.com | [signature] 20/12/2015 |
| ২০ | Dr. Md. Nazmul Huda | ERSSP Seed Supply and monitoring expert | 01199101147 | [signature] 20/12/2015 |
| ২১ | MANIK CHANDRA KARMOKER | Asstt. Seed technologist Seed Wing, MOA | 01718018710 mckarmoker@gmail.com | [signature] 20.12.15 |
| ২২ | Dr. Partha S. Biswas | Principal Scientific Officer, BRRI | 01552480813 psbiswasbrri@yahoo.com | [signature] 20/12/15 |
| ২৩ | Dr. Mohammad Khalequzzaman | CSO & Head, GRSD, BRRI | 01715-752595 zamanmk64@yahoo.co.uk | [signature] 20/12/2015 |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | Dr. Md. Anser Ali D (Res) | D(Res) BRRI | 01925053582 | |
| ২৫ | Dr. Md. Shahjahan Kabir Director (Admin) | BRRI | 01712280083 | |
| ২৬ | Md. Abdul Aziz Executive Director | Bangladesh Seed Association | 01711-316538 | |
| ২৭ | Md. Meher Ali AD (Field Adm. [illegible]) | SCA, Gazipur | 01711437391 | |
| ২৮ | Md. Solaiman Ali Director in Charge | SCA | 01718708489 | |
| ২৯ | Md. Hemayet Hussain Joint Secretary | MoA | | 20/12/15 |
| ৩০ | Md. Hamidur Rahman | DAE | 01711803695 | 20.12.2015 |
| ৩১ | Md. Azim uddin | Seed Wing MOA | 01556341143 | 20/12/15 |
| ৩২ | | | | |
| ৩৩ | | | | |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |
| ৩৬ | | | | |